

শিক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি, শিক্ষার্থীদের জন্য বিশেষ নির্দেশনা

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১২ মার্চ ২০২৬, ১৭: ৪০



ছবি: প্রথম আলো

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি নিয়ে বিশেষ নির্দেশনা প্রকাশ করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে বলা হয়েছে। [বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক ওয়েবসাইটে](#) এ নির্দেশনা প্রকাশ করা হয়।

ভর্তি-সংক্রান্ত বিশেষ নির্দেশনায় বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির কার্যক্রম কোন কোন সময়সূচি অনুযায়ী সম্পন্ন করা হবে।

১.

অনলাইনে ভর্তি ফি প্রদান ও প্রাথমিক ভর্তি কার্যক্রম শুরু: ১০ মার্চ থেকে

২.

অনলাইনে ভর্তি ফি প্রদান শেষ: ২৮ মার্চ ২০২৬

৩.

অনলাইনে ভর্তি ফি প্রদান সম্পন্ন করার পর শিক্ষার্থীদের বরাদ্দপ্রাপ্ত বিষয় অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগ বা ইনস্টিটিউট এবং নির্ধারিত হলে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪.

সরাসরি উপস্থিত হয়ে বিভাগ বা ইনস্টিটিউট ও হলে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার নির্ধারিত তারিখ: ৬ এপ্রিল হতে ৯ এপ্রিল ২০২৬ পর্যন্ত।

সংশ্লিষ্ট সব শিক্ষার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ভর্তি ফি প্রদান এবং পরবর্তী সময়ে সংশ্লিষ্ট বিভাগ বা ইনস্টিটিউট ও হলে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য বিশেষভাবে নির্দেশ প্রদান করা হয়েছে।

